

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৪৯

১/ বিবিধ

আরবী

لئن ظفرت بقريش لأمثلن بثلاثين رجلا منهم، فأنزل الله عز وجل في ذلك: (وإن عاقبتهم فعاقبوا) إلى قوله: (يمكرون) ضعيف

رواه الطبراني (3 / 107 - 108) عن أحمد بن أيوب بن راشد البصري: أخبرنا عبد الأعلى عن محمد بن إسحاق: حدثني محمد بن كعب القرظي والحكم بن عتيبة عن مقسم ومجاهد عن ابن عباس قال: " لما وقف رسول الله صلى الله عليه وسلم على حمزة فنظر إلى ما به قال: لولا أن تحزن النساء ما غيبته ولتركته حتى يكون في بطون السباع وحواصل الطيور حتى يبعثه الله مما هنالك

قال: وأحزنه ما [رأى] به فقال " فذكره. قلت: وهذا سند ضعيف، قال: الهيثمي (6 / 120) : " وفيه أحمد بن أيوب بن راشد وهو ضعيف

قلت: لم أجد من صرح بتضعيفه من الأئمة المتقدمين، ولا من وثقه منهم، نعم أورده ابن حبان في " الثقات " وقال: " ربما أغرب "، وهذا ليس بجرح كما أن إيراده إياه في " الثقات " ليس بتوثيق معتمد، كما سبق التنبيه عليه مرارا، فالحق أن الرجل في عداد مجهولي العدالة، ولذلك لم يوثقه الحافظ في " التقريب " ولم يضعفه، بل قال فيه " مقبول " إشارة إلى ما ذكرته. والله أعلم

ورواه البيهقي في " دلائل النبوة " (ج 1 - غزوة أحد - مخطوط) عن ابن إسحاق قال: حدثني بريدة بن سفيان عن محمد بن كعب مرفوعا. وهذا مع إرساله ضعيف أيضا،

وبريدة بن سفيان قال الحافظ: " ليس بالقوي ". وقد روي هذا الحديث من طريق أخرى عن محمد بن كعب، أخرجه المحاملي في " الأمالي " (ج 7 رقم 2) عن عبد العزيز بن عمران  
حدثني أفلح بن سعيد عن محمد بن كعب عن ابن عباس. وهذا سند ضعيف جداً، عبد العزيز قال الحافظ: " متروك، احترقت كتبه فحدث من حفظه فاشتد غلظه

বাংলা

৫৪৯। আমি যদি কুরাইশদের উপর জয়ী হতে পারি তাহলে তাদের ত্রিশজনকে মুসলা করবো। তখন আব্বাহ তা'আলা এ ব্যাপারে নাযিল করলেনঃ "আর যদি তোমরা প্রতিশোধ গ্রহণ কর, তবে ঐ পরিমাণ প্রতিশোধ গ্রহণ করবে ... তাদের চক্রান্তের কারণে মন ছোট করবেন না" - আন-নাহল (১২৬)।

হাদীছটি দুর্বল।

এটি তাবারানী (৩/১০৭-১০৮) আহমাদ ইবনু আইউব বাসরী হতে তিনি আব্দুল আলা হতে তিনি মুহাম্মাদ ইবনু ইসহাক হতে ... ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ সনদটি দুর্বল। হায়ছামী (৬/১২০) বলেনঃ তার সনদে আহমাদ ইবনু আইউব ইবনু রাশেদ রয়েছে, তিনি দুর্বল। বাইহাকী "দালায়েলুন নাবুয়াহ" (১/ উহুদ যুদ্ধ) বর্ণনা করেছেন। কিন্তু মুরসাল হওয়া সত্ত্বেও দুর্বল। তাতে বুরাইদাহ ইবনু সুফিয়ান রয়েছে, তার সম্পর্কে হাফিয় ইবনু হাজার বলেনঃ তিনি শক্তিশালী নন। অন্য একটি সূত্রেও বর্ণিত হয়েছে যেটিকে আল-মাহামেলী "আল-আমলী" (৭/নং ২) গ্রন্থে আব্দুল আযীয ইবনু ইমরান হতে বর্ণনা করেছেন। এ সনদটি নিতান্তই দুর্বল। এই আব্দুল আযীয সম্পর্কে হাফিয় বলেনঃ তিনি মাতরুক। তার গ্রন্থগুলো পুড়ে গিয়েছিল, ফলে তিনি তার হেফয হতে হাদীছ বর্ণনা করেন। এ কারণে তার বড় ধরনের ভুল সংঘটিত হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71428>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন